অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/27/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করলেন যে নিউ ইয়র্কে ফ্লু আক্রান্ত হওয়ার ঘটনা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে

যারা এখনো ভ্যাকসিন নেননি তাদের ফ্লু শট নেওয়ার জন্য তাগিদ দেওয়া হচ্ছে - আপনার নিকটস্থ ফ্লু ভ্যাকসিন খোঁজার জন্য এখানে ক্লিক করুন

নিউ ইয়র্ক স্টেটের ফ্লু ট্র্যাকারের সর্বশেষ উপাত্ত দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে গত সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেটের ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত হওয়ার ঘটনা 72 শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং 62টি কাউন্টির মধ্যে 58টিতে নতুন ভাবে ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। পাশাপাশি, ল্যাবরেটরিতে নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত হাসপাতালে ভর্তি হওয়া রোগীর সংখ্যা ছিল 363, যা গত সপ্তাহের থেকে 41 শতাংশ বেশি। এছাড়াও গভর্নর কুওমো ছয় মাসের বেশি বয়সী সকল নিউ ইয়র্কবাসী যারা ফ্লু শট নেননি তাদের ভ্যাকসিন নেওয়ার জন্য তাগিদ দিয়েছেন।

"এই স্টেটের প্রতিটি কোণায় ফ্লুতে আক্রান্ত হওয়ার ঘটনা বৃদ্ধি পাচ্ছে, যেই সব নিউ ইয়র্কবাসী এখনো ফ্লু-এর প্রতিরোধী ভ্যাকসিন নেননি আমি তাদের মনে করিয়ে চাই যে এই জরুরি কাজটি করার জন্য এখনো সময় শেষ হয়ে যায়নি", **গভর্নর কুওমো বলেন।** "ফ্লু মৌসুম পুরোদমে শুরু হয়ে গেছে, এবং আক্রান্ত হওয়া ও হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, নিজেদের ও আমাদের প্রিয়জনদের রক্ষা করতে আমাদের পক্ষে যা যা করা সম্ভব আমাদের সব করা উচিত।"

2018 সালের জানুয়ারি মাসে, গভর্নর কুওমো একটি জরুরি নির্বাহী নির্দেশ স্বাক্ষর করেন যার ফলে ফার্মাসিস্টরা 2018 সালের ফ্লু মৌসুমে 2 থেকে 18 বছর বয়সী শিশুদের ফ্লু ভ্যাকসিন দিতে পারে। এই নির্বাহী নির্দেশে স্বাক্ষর করার পর, ফার্মাসিস্টরা 2 থেকে 18 বছর বয়সী 9,000 শিশুকে ভ্যাকসিন প্রদান করে। পরবর্তীতে, গভর্নর এই নির্দেশকে আইনে পরিণত করেন, অর্থাৎ এখন একজন ফার্মাসিস্ট 2 বছরের বড় যেকোনো মানুষকে ফ্লু ভ্যাকসিন দিতে পারবে। গভর্নর কুওমো ভ্যাকসিন গ্রহণের এই সম্প্রসারিত ব্যবস্থার সুবিধা নেওয়ার জন্য নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিচ্ছেন।

এই ইনফ্লুয়েঞ্জা মৌসুমে, নিউ ইয়র্ক শহরের পাঁচটি বরোসহ 58টি কাউন্টিতে 5,400টি ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত হওয়ার ঘটনা ল্যাবরেটরিতে নিশ্চিত করা হয়েছে। এই সময়ে, ইনফ্লুয়েঞ্জার কারণে 1,305জন হাসপাতালে ভর্তি হয়েছে, এবং একটি ইনফ্লুয়েঞ্জা-সংক্রান্ত শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে। গত তিন মৌসুম ধরে, নিউ ইয়র্কে 19টি ইনফ্লুয়েঞ্জা-সংক্রান্ত শিশুমৃত্যুর ঘটনা ঘটেছে এবং গড়ে 15,101জন ইনফ্লুয়েঞ্জার কারণে হাসপাতালে ভর্তি হয়েছে।

গত সপ্তাহে, স্টেট স্বাস্থ্য কমিশনার (State Health Commissioner) ডা. হাওয়ার্ড জুকার ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটে ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ঘোষণার ফলে এই নিয়মটি কার্যকরী হয় যে স্বাস্থ্যসেবা কর্মীরা যারা ইনফ্লুয়েঞ্জার ভ্যাকসিন নেননি তাদের রোগীরা সাধারণত যেসব স্থানে থাকে সেখানে সার্জিক্যাল বা প্রক্রিয়া মাস্ক পড়তে হবে।

এছাড়াও, স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health) নিউ ইয়র্ক স্টেট ফ্লু ট্র্যাকার(New York State Flu Tracker) চালু করেছে, যা হল নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য সংযোজক (New York State Health Connector) এর একটি নতুন ড্যাশবোর্ড, যা সহজবোধ্য ইনফ্লুয়েঞ্জা উপাত্তের একটি উৎস যার মাধ্যমে জনগণ তাদের কাউন্টিতে ইনফ্লুয়েঞ্জার হার সম্পর্কে জানতে পারবে। ড্যাশবোর্ডে থাকবে এই মৌসুম ও গত তিন মৌসুমের জন্য কাউন্টি, সপ্তাহ, ও ইনফ্লুয়েঞ্জার ধরন (A, B বা নির্দিষ্ট নয়) অনুযায়ী ল্যাবরেটরি-নিশ্চিত ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত হওয়ার ঘটনার সংখ্যা।

স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "যারা এখনো ফ্লু ভ্যাকসিন নেননি আমরা তাদের জোরালোউৎসাহ দিচ্ছি যে জনস্বাস্থ্যের প্রতি এই সাংঘাতিক হুমকির বিরুদ্ধে লড়াই করতে অবিলম্বে ভ্যাকসিন নিন। ভ্যাকসিন নিলে আপনার সাথে আপনার আশেপাশের মানুষও সুরক্ষিত থাকবে, যাদের মধ্যে অপেক্ষাকৃত দুর্বল মানুষ যেমন শিশু, বয়স্ক মানুষ ও দীর্ঘমেয়াদি স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত ব্যক্তি অন্তর্গত।"

ফ্লু শট নেওয়া এবং অসুস্থ অবস্থায় বাড়িতে থাকার পাশাপাশি, হাতের পরিচ্ছনতা রক্ষা করা গুরুত্বপূর্ণঃ

- ইনফ্লুয়েঞ্জা ভাইরাস সাবান ও গরম পানি দিয়ে মেরে ফেলা সম্ভব যা অন্যান্য ভাইরাসের ক্ষেত্রে সম্ভব না।
- নিজেকে জীবাণুর হাত থেকে সুরক্ষিত রাখতে এবং অন্যদের মধ্যে সংক্রমণ না করতে বার বার সাবান ও গরম পানি দিয়ে কমপক্ষে 20 সেকেন্ডের জন্য হাত ধোন।
- যেখানে সাবান ও পানি পাওয়া যাবে না সেখানে অ্যালকোহোল-ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন। অন্তত 60 শতাংশ অ্যালকোহলসহ একটি পণ্য নির্বাচন করুন।
- আপনার হাতে হাঁচি বা কাশি দিবেন না। বরং, আপনার মুখ এবং নাক একটি টিস্যু দিয়ে ঢাকুন। যাদের ফ্লু হয়েছে তারা লক্ষণ দেখা দেওয়ার 7 দিন পর্যন্ত সংক্রামক।

ফ্লু-এর ব্যাপারে তথ্যের জন্য, ভিজিট করুনঃ
www.health.ny.gov/diseases/communicable/influenza/seasonal।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন